

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮৫০০.০১৭.২৭.০০২.১৭. ৭২৪

তারিখ : ২৬ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।  
১০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয় : সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লামাকাজি ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সক্রান্ত।

সূত্র : (১) জেলা প্রশাসক, সিলেট কার্যালয়ের স্মারক নং-৭৩৮, তারিখ : ০৯/০৮/২০১৭ খ্রিষ্টাব্দ।


(২) জেলা প্রশাসক, সিলেট কার্যালয়ের স্মারক নং-৫৮৭, তারিখ : ২২/০৬/২০১৭ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, সিলেট কর্তৃক ২নং সূত্রস্থ স্মারকে প্রেরিত পত্রের সাথে যেহেতু সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লামাকাজি ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক নয় মর্মে জবাব দাখিল করেছেন এবং তাঁর জবাবের বিষয়ে জেলা প্রশাসক, সিলেট ২নং সূত্রস্থ পত্রে কোন বিরূপ মন্তব্য প্রদান করেননি, সেহেতু স্থানীয় সরকার বিভাগের ৩০ জুলাই, ২০১৭ তারিখের ৪৬.০০.৮৫০০.০১৭.২৭.০০২.১৭.৬১০নং স্মারকে নিম্নোক্ত শর্তে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক তাঁকে উল্লিখিত অভিযোগের দায় থেকে আদিষ্টক্রমে অব্যাহতি প্রদান করা হয়েছেঃ

শর্তঃ

ভবিষ্যতে এরূপ কৃতকাজের পুনরাবৃত্তি যাতে না ঘটে সেদিকে সর্বোচ্চ সতর্ক দৃষ্টি রেখে দায়িত্ব পালন করবেন মর্মে উক্ত ইউপি সদস্যকে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর নিকট অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

০২। উল্লিখিত বিষয়ে সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মাহবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক  
সিলেট।

অনুলিপি :

০১। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। জনাব আবুল কালাম, সদস্য, ০২নং ওয়ার্ড, লামাকাজি ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট।